সে যে    বাহির হল আমি জানি,
বক্ষে আমার বাজে তাহার বাণী ॥
কোথায় কবে এসেছে সে    সাগরতীরে, বনের শেষে,
আকাশ করে সেই কথারই কানাকানি ॥
হায় রে, আমি ঘর বেঁধেছি এতই দূরে,
না জানি তার আসতে হবে কত ঘুরে ।
হিয়া আমার পেতে রেখে    সারাটি পথ দিলেম ঢেকে,
আমার ব্যথায় পড়ুক তাহার চরণখানি ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail